

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

25 SEPTEMBER 2026

7:45—7:55PM

১) উত্তর-পূর্বাঞ্চলের যুব উদ্যোগীদের জন্য একটি পৃথক মঞ্চ প্রদানের লক্ষ্যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার নর্থ-ইষ্ট সেবা ফাষ্ট ইনভেশন চ্যালেঞ্জ কার্যসূচির শুভারম্ভ ।

২) আগামী তেসরা অক্টোবর অনুষ্ঠিত শিলচর পৌর নিগম নির্বাচনের প্রচারাভিযান তুঙ্গে ।

৩) জাতীয় গান বন্দে মাতরমের দেড়শ বছর পূর্তি উপলক্ষে সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও বন্দে মাতরম কার্যসূচি পালন ।

এবং

৪) এশিয়ান গেমসে ভারতের পুরুষ ও মহিলা কাবাডি দলের ফাইনালে প্রবেশ ।

উত্তর-পূর্বাঞ্চলের উদ্ভাবনী প্রতিভা এবং যুব উদ্যোগীদের জন্য একটি পৃথক মঞ্চ প্রদানের লক্ষ্যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নর্থ-ইষ্ট সেবা ফাষ্ট ইনভেশন চ্যালেঞ্জ ২০২৬ এর সূচনা করেছেন । গুয়াহাটীর খানাপারার প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে আজ এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেগু উপস্থিত ছিলেন । ডক্টর শর্মা তার ভাষণে বলেন যে যুবক-যুবতীদের শুধুমাত্র প্রযুক্তি ব্যবহারকারী না থেকে নতুন প্রযুক্তি এবং এর সমাধানের স্রষ্টা হতে হবে । নর্থ-ইষ্ট সেবা ফাষ্ট ইনভেশন চ্যালেঞ্জ এই লক্ষ্য নিয়ে বাস্তব জীবনের ৫০টি মুক্ত প্রত্যাহ্বানকে যুব উদ্ভাবকদের জন্য নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

(বাইট - মুখ্যমন্ত্রী)

এই অনুষ্ঠানে প্রকৃত সমস্যার সমাধান , অনুদান গ্রহণ ইত্যাদি বিষয়ের ওপর বিশেষভাবে আলোকপাত করা হয় । এর মাধ্যমে সরকার এবং শিল্পের ক্ষেত্রে দেখা দেওয়া প্রত্যাহ্বানসমূহের সমাধানের জন্য আজ থেকে আগামী ১০ অক্টোবর পর্যন্ত ওয়েবিনার , ওরিয়েন্টেশন , কর্মশালা এবং প্রচার ইত্যাদি কার্যসূচি গ্রহণ করা হয়েছে । এ সম্পর্কে রাজ্যের জনসাধারণ নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে আগামী ২৫ অক্টোবর পর্যন্ত নিজেদের প্রশ্ন উত্থাপন করতে পারবেন । একইভাবে আগামী ৮ নভেম্বর পঞ্জীয়নের এবং ১০ নভেম্বর আবেদন পত্র জমা দেওয়ার চূড়ান্ত দিন ধার্য করা হয়েছে । উদ্ভাবনের ক্ষেত্রে দেশের যেকোন প্রান্তের ষ্টার্ট - আপ , উদ্ভাবক , গবেষক , পেশাদারী ব্যক্তি এবং ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে । নির্বাচিত প্রত্যেকটি ষ্টার্ট-আপকে প্রাথমিক ধারণা রূপায়নের জন্য ১০ লক্ষ টাকা পর্যন্ত অনুদান দেওয়া হবে । ১৫০টি ষ্টার্ট-আপকে চূড়ান্ত পর্যায়ে নির্বাচিত করা হবে ।

শিলচর পৌরনিগম নির্বাচনের প্রচার অভিযান তুঙ্গে উঠেছে । বিজেপি , কংগ্রেস সহ নির্দল প্রার্থীরাও ভোটদাতাদের আকর্ষিত করার জন্য জোড়দার প্রচার অভিযান চালাচ্ছেন । পৌরনিগম নির্বাচনের পূর্বে বিজেপি বঙ্গভবনে আয়োজিত এক অনুষ্ঠানে আজ দলের পৌর এলাকা উন্নয়ন সংকল্পত্র উন্মোচন করেছে । সংকল্পপত্রে শিলচরকে স্বচ্ছ ও সুন্দর , সবুজ এবং পরিকল্পিত মহানগড় হিসেবে করে গড়ে তোলার কথা ঘোষণা করা হয় । অনুষ্ঠানে অংশগ্রহণ করে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া জানান যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা আগামী ৩০ শে সেপ্টেম্বর পৌরনিগম নির্বাচনের প্রচারে শিলচর আসছেন । শ্রী শইকিয়া শিলচরের জমা জলের সমস্যা তথা জল নিষ্কাশন সমস্যা বিজ্ঞানসম্মতভাবে সমাধান করার জন্য উপযুক্ত প্রকল্প প্রস্তুত করার কথা ও উল্লেখ করেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় শ্রী শইকিয়া বলেন ---

বাইট

অনুষ্ঠানে মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া বলেন যে ব্রহ্মপুত্র উপত্যকার সমান্তরাল ভাবে বরাক উপত্যকার উন্নয়নে সরকার গুরুত্ব আরোপ করছে । তিনি বলেন যে গুয়াহাটীর পর শিলচরকে একটি মহানগর হিসেবে আরও অধিক উন্নত করে গড়ে তোলা হবে । অনুষ্ঠানে খাদ্য ও গণবন্টন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , সাংসদ সুস্মিতা দেব প্রমুখ উপস্থিত ছিলেন ।

এদিকে কংগ্রেস দল ও আজ বিভিন্ন ওয়ার্ডে নির্বাচনী প্রচার চালায় । প্রাক্তন জেলা কংগ্রেস সভাপতি তথা পৌরপতি তমাল বনিক , প্রাক্তন জেলা কংগ্রেস সভাপতি

অভিজিৎ পাল , জেলা কংগ্রেস সভাপতি সজল আচার্য প্রমুখ নির্বাচনী প্রচার চালান ।নির্দল প্রার্থী স্নিগ্ধা নাথ , মনিষা দে ,সংহিতা চক্রবর্তী , ধুবজ্যোতি দাস নিজ নিজ ওয়ার্ডে ব্যাপক প্রচার চালাচ্ছেন ।

এদিকে পৌরনিগম নির্বাচনের কাজে যুক্ত ভোটকর্মীদের চূড়ান্ত পর্যায়ের প্রশিক্ষণ আজ সমাপ্ত হয়েছে ।

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নড্ডা আজ নতুন দিল্লীতে আরোগ্য মন্তন - ২০২৬ অনুষ্ঠানের সূচনা করেছেন । আয়ুস্মান ভারত যোজনার ৮ বছর এবং ডিজিটাল মিশনের ৫ বছর পূর্তি উপলক্ষে এই বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে স্বাস্থ্য সুরক্ষা এবং ডিজিটাল চিকিৎসা ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে । দেশের স্বাস্থ্যসেবাকে আরো উন্নত করে তুলতে বেশ কয়েকটি নতুন পদক্ষেপ গ্রহণ করা হবে । এর মধ্যে ন্যাশনাল হেলথকেয়ার প্রোভাইডারস রেজিস্ট্রি মোবাইল অ্যাপ শুরু করার বিষয়টির ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে । যেসব রাজ্য এবং কেন্দ্রীয় শাসিত অঞ্চল কেন্দ্রীয় সরকারের গৃহিত স্বাস্থ্যসেবা প্রকল্পগুলির বাস্তবায়নে উদাহরণযোগ্য কাজ করছে আজকের অনুষ্ঠানে তাদের পুরস্কৃত করা হবে বলেও জানানো হয়েছে ।

সিকিমের গ্যালসিং জেলায় রাশ্বী গ্রামে ভারী বৃষ্টিপাতের ফলে বড়মাপের ভূমিধ্বস সংঘটিত হ ওয়ায় বহু ঘরবাড়ি মাটিত তলায় চাপা পড়েছে । এর মধ্যে বেশকয়েকটি সরকারী দপ্তরও রয়েছে । তবে প্রাণহানির কোন খবর পাওয়া যায়নি । সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করে বলেছেন যে এই মুহূর্তে সরকার ক্ষতিগ্রস্তদের নিরাপত্তা এবং সুরক্ষার বিষয়টি নিয়ে সর্বোচ্চ অগ্রাধিকারের ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করছে । ওই অঞ্চলে বসবাসরত জনসাধারণকে সুরক্ষিত রাখতে তিনি আধিকারিকদের ক্রমাগত পরিস্থিতির ওপর সতর্ক দৃষ্টি রেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন । মুখ্যমন্ত্রী প্রবল বৃষ্টির মধ্যে দুর্গত এলাকার জনসাধারণকে সতর্ক থাকারও আহ্বান জানিয়েছেন ।

জাতীয় গান বন্দেমাতরমের দেড়শ বছর পূর্তী উপলক্ষে মেরা যুবা ভারতের উদ্যোগে গুয়াহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রের বাণীকান্ত কাকতি প্রেক্ষাগৃহে আজ বন্দেমাতরম শিবির ২০২৬-২৭ এর উদ্বোধন করা হয় । অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী বিশ্বজিৎ দৈমারি আসাম , অরুণাচল প্রদেশ , মেঘালয়

নাগাল্যান্ড , সিকিম ,পশ্চিমবঙ্গ ও বিহারের যুবক যুবতিদের সঙ্গে মত বিনিময় করেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও বন্দে মাতরমের দেড়শ বছর পূর্তী উপলক্ষে বিভিন্ন স্থানে সমবেতভাবে বন্দে মাতরম পরিবেশন করা হচ্ছে। নতুন দিল্লীর বিদ্যাভারতী অখিল ভারতীয় শিক্ষা সংস্থানের উদ্যোগে এবং পানিভরার সরস্বতী বিদ্যানিকেতনের সহযোগীতায় আজ পানিভরায় নমামি ভারতম শীর্ষক বন্দে মাতরম-এর সমবেত সঙ্গীত পরিবেশন কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে । অবসরপ্রাপ্ত শিক্ষক অশ্বিনী কুমার সিংহের পৌরহিত্যে আয়োজিত সভায় কাবুগঞ্জ জনতা কলেজের ইংরেজী বিভাগের বিভাগীয় প্রধান ডক্টর মুন্সী দেব মজুমদার এবং রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের দক্ষিণ কাছাড় জেলা সংঘচালক অশোক কুমার বর্মণ সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া বন্দে মাতরম সমবেত পরিবেশন উপলক্ষ্যে সকালে আয়োজিত প্রভাত ফেরীতে বিধায়ক অমিয় কান্তি দাসও অংশগ্রহণ করেন ।

হাইলাকান্দি জেলায়ও আজ বন্দে মাতরমের ১৫০ বছর পূর্তি উদযাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে কাটলিছড়ার এস কে রায় কলেজ এবং স্থানীয় সরস্বতী বিদ্যা নিকেতন সিনিয়র সেকেন্ডারী স্কুলে সকা ১১টায় প্রায় এক হাজার ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং স্থানীয় জনসাধারণ সমবেত কণ্ঠে বন্দে মাতরম সঙ্গীত পরিবেশন করেন । অনুষ্ঠানে রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের সঞ্চালক জ্যোৎস্নাময় চক্রবর্তী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া হাইলাকান্দির শ্রীকিশান সারদা কলেজের অধ্যক্ষ ডক্টর রতন কুমার এবং এস কে রায় কলেজের অধ্যাপক ডক্টর দেবজিৎ দে সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ।

শ্রীভূমি শহরের সরস্বতী বিদ্যা নিকেতনের উদ্যোগেও আজ বন্দে মাতরম-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে বন্দে মাতরম পরিবেশন করা হয়েছে । অনুষ্ঠানে আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ , প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির উদ্যোগে আজ দলীয় কার্যালয়ে পন্ডিত দীন দয়াল উপাধ্যায়ের ১১০তম জন্ম বার্ষিকী পালন করা হয়েছে । জেলা বিজেপির

সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে আয়োজিত সভায় পন্ডিত দীন দয়াল উপাধ্যায়ের জীবন , আদর্শ ও দর্শন নিয়ে প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস , পৌর সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব , প্রদেশ বিজেপির কার্যনির্বাহ কমিটির সদস্য শিবব্রত সাহা , জেলা পরিষদের সহ-সভানেত্রী সাথী রায় কুরি প্রমুখ বক্তব্য রাখেন ।

জাপানে অনুষ্ঠিত এশিয়ান গেমসে ভারতের পুরুষ ও মহিলা কাবাডি দল ফাইনালে প্রবেশ করেছে । সেমি ফাইনালে ভারতীয় কাবাডি দল নেপালকে ৪৮-২৮ পয়েন্টের ব্যবধানে এবং পুরুষ দল থাইল্যান্ডকে ৬৬-২৮ পয়েন্টের ব্যবধানে পরাজিত করে ফাইনালে প্রবেশ করে ।

এদিকে মহিলা শটপুটে আজ ভারতের মনপ্রীত কৌর ব্রোঞ্জ পদক লাভ করতে সক্ষম হয় । এই জয়ের সুবাদে মনপ্রীত এশিয়াড শটপুট পদক জয় করা তৃতীয় ভারতীয় হিসেবে পরিগণিত হয় । প্রতিযোগিতায় আজ পুরুষের ১০ হাজার মিটার দৌড়ে গুলবীর সিং রৌপ পদক লাভ করে । মহিলা পল ভল্টে ইলাংগোয়ান ব্রোঞ্জ পদক জয় করে এশিয়ান গেমসের এই শাখায় দেশের হয়ে প্রথম পদক জয় করা খেলোয়াড় হিসেবে পরিগণিত হন ।
